

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, এপ্রিল ৩, ২০২৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সিনিয়র স্পেশাল জজ আদালত, ঝিনাইদহ।

বিজ্ঞপ্তি

যেহেতু, নিম্ন তফসিলে উল্লিখিত পলাতক আসামী/আসামীর বিরুদ্ধে গ্রেফতারী পরোয়ানা জারি হয়েছে এবং যেহেতু অত্র আদালতের বিশ্বাস করার যথেষ্ট কারণ রয়েছে যে, অত্র আদালতে বিচারাধীন নিম্ন বর্ণিত মামলায় উক্ত আসামী গ্রেফতার এড়ানোর জন্য পলাতক রয়েছে বা আত্মগোপন করেছে এবং যেহেতু উক্ত আসামী/আসামীদেরকে শীঘ্রই গ্রেফতার করার সম্ভাবনা নেই।

এক্ষণে, সেহেতু উক্ত The Criminal Law Amendment Act, 1958 এর ৬ ধারার (১ক) উপ-ধারায় প্রদত্ত ক্ষমতাবলে উক্ত আসামী/আসামীদেরকে নিম্ন তফসিলে তাদের নামের পার্শ্বে বর্ণিত মামলায় বিচারের জন্য আদেশ জারি হওয়ার পরবর্তী ৩০(ত্রিশ) দিনের মধ্যে অত্র আদালতে হাজির হওয়ার জন্য নির্দেশ দেওয়া গেল। অন্যথায় তাদের অনুপস্থিতিতে বিচারকার্য সমাধা করা হবে।

তফসিল

ক্রমিক নং	পলাতক আসামীদের নাম ও ঠিকানা	ধারাসহ মামলার বিবরণ
১।	১। জনাব প্রশান্ত কুমার ঠাকুর, সাবেক উপ-সহকারী প্রকৌশলী (অতিঃ দায়িত্ব), আর, ডি প্রকল্প; জেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, ঝিনাইদহ। পিতা নির্মল কুমার ঠাকুর, সাং নীলগঞ্জ (তাঁতীপাড়া), সদর, যশোর।	স্পেশাল কেস নং ০১/২০১৭ মহেশপুর থানা মামলা নং ১৩ তারিখ: ১৪/০৭/২০০৪ ইং, মহেশঃ জি.আর ১৬৯/২০০৪ ধারা-৪০৯/১০৯ দঃবিঃ তৎসহ ১৯৪৭ সনের দুর্নীতি প্রতিরোধ আইনের ৫(২) ধারা।

মোঃ নাজিমুদ্দৌলা

সিনিয়র স্পেশাল জজ

এবং

সিনিয়র জেলা ও দায়রা জজ

ঝিনাইদহ।

মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,

ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

(৩৪০৩)

মূল্য : টাকা ৪.০০